অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পুলিশ সংস্কার আইন স্বাক্ষর করেছেন

STAT আইন সকল নিম্ন স্তরের অপরাধের বর্ণবাদী এবং অন্যান্য জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংকলন এবং প্রকাশ করা আদালতের জন্য আবশ্যক করে

রাজ্য এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের তাদের অস্ত্র ব্যবহার করার ছয় ঘন্টার মধ্যে রিপোর্ট করা বাধ্যতামূলক করে

হেফাজতে থাকা ব্যক্তিদের চিকিৎসা প্রদান ও মানসিক স্বাস্থ্যের প্রতি মনোযোগ দেওয়া বাধ্যতামূলক করে পুলিশ কর্মকর্তাদের ক্ষেত্রে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ পুলিশ সংস্কার আইন (S.2575-B/A.10608) স্বাক্ষর করেছেন যাতে রাজ্যেরাজ্য এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের তাদের অস্ত্র ব্যবহার করার ছয় ঘন্টার মধ্যে রিপোর্ট করা বাধ্যতামূলক করে; আদালতকে সকল নিম্ন স্তরের অপরাধের বর্ণবাদী এবং অন্যান্য জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংকলন এবং প্রকাশ করা বাধ্যতামূলক করে (S.1830-C/A.10609); এবং পুলিশ কর্মকর্তাদের হেফাজতে থাকা ব্যক্তিদের চিকিৎসা ও মানসিক স্বাস্থ্যের প্রতি মনোযোগ প্রদান করতে হবে (S.6601-A/A.8226)।

"এই রাজ্য এবং এই জাতিতে পুলিশের সংস্কার দীর্ঘদিন করা হয়নি, এবং নিউ ইয়র্ক আবার পথের নেতৃত্ব দিচ্ছে এবং আমাদের ফৌজদারি ন্যায়বিচার এবং পুলিশ ব্যবস্থায় বিদ্যমান পদ্ধতিগত বৈষম্য দূর করার জন্য সত্যিকারের পরিবর্তন আনতে যাচ্ছে," **গভর্নর কুওমো বলেন।** "এই জটিল সংস্কার আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং তাদের সেবা করা সম্প্রদায়ের মধ্যে সম্পর্ক উন্নয়নে সাহায্য করবে এবং একটি ভাঙ্গা এবং অন্যায় ব্যবস্থার কারণে সংখ্যালঘু সম্প্রদায় যে সব অবিচারের সম্মুখীন হয়েছে তা মেটানোর পথে আমাদের এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।"

<u>পুলিশ পরিসংখ্যান ও স্বচ্ছতা আইন (S.1830-C/A.10609)</u>

পুলিশ পরিসংখ্যান এবং স্বচ্ছতা আইন (Police Statistics and Transparency Act) - অথবা STAT অ্যাক্ট - অসদাচরণ এবং লঙ্ঘন সহ সকল নিম্ন স্তরের অপরাধের বর্ণবাদী এবং অন্যান্য জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংকলন এবং প্রকাশ করা আদালতের জন্য আবশ্যক করে। সংগৃহীত তথ্য অবশ্যই অনলাইনে উপলব্ধ করতে হবে এবং মাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। এই নতুন

আইন পুলিশ বিভাগকে কোন গ্রেপ্তার সম্পর্কিত মৃত্যু ফৌজদারি বিচার সেবা বিভাগের (Department of Criminal Justice Services) কাছে রিপোর্ট করতে হবে এবং গ্রেপ্তার সম্পর্কিত মৃত্যু সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন গভর্নর এবং আইনসভার কাছে জমা দিতে হবে।

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "পুলিশ পরিসংখ্যান এবং স্বচ্ছতা (STAT) আইন, যা 21তম শতকের পুলিশিং এর প্রেসিডেন্ট বারাক ওবামার টাস্ক ফোর্সের সুপারিশ, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিম্ন স্তরের গ্রেফতার থেকে শুরু করে হেফাজতে মৃত্যু পর্যন্ত জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংগ্রহ এবং জনসম্মুখে রিপোর্ট করা বাধ্যতামূলক করে। এই আইনের কারণে, অবশেষে আমাদের কাছে প্রয়োজনীয় তথ্য থাকবে যা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীরা যে পদ্ধতিগত এবং বৈষম্যমূলক পুলিশি অভ্যাস ব্যবহার করে কৃষ্ণাঙ্গ এবং বাদামী নিউ ইয়র্কবাসীদের তাদের লক্ষ্য করতে, সেগুলি সনাক্ত করতে নির্মূল করতে ব্যবহার করা যাবে। আজ, গভর্নর কুওমোর স্বাক্ষরের মাধ্যমে, এই ঐতিহাসিক বিল আইনে পরিণত হবে। আমি সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতৃ অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিনস, সিনেট কোড কমিটির চেয়ার জামাল বেইলী, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হেস্টি এবং অ্যাসেম্বলি স্পন্সার জো লেন্টোলের কাছে তাদের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ, ব্ল্যাক, পুওর্টো রিকান, হিস্প্যানিক এবং এশিয়ান লেজিস্লেটিভ ককাসের সহিত এই বিলটি পাশ করতে আমাকে সহায়তা করার জন্য। এরিক গার্নারের মা গুয়েন কারের সমর্থনে আমি সম্মানিত, যিনি ব্যক্তিগতভাবে পুলিশ পরিসংখ্যান এবং স্বচ্ছতা (STAT) অ্যাক্ট পাস করার জন্য প্রচার করতে আলবানিতে যাত্রা করেন। মিস কারের পুত্রের স্মৃতির সম্মানে আমরা এই আইন প্রণয়ন করছি।"

অ্যাসেম্বলি সদস্য জোসেফ আর. লেন্টল বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেট আইনের সাম্প্রতিক সকল সংস্কারগুলি স্পন্সার করতে পেরে গর্বিত যা আইন শৃঙ্খলা রক্ষায় বৃহত্তর স্বচ্ছতা এবং জবাবদিহিতা কে উন্নীত করবে। এটা গত সপ্তাহে শুরু হয় যখন গভর্নর 50-a এর বাতিলে স্বাক্ষর করেন এবং এখন পরিসংখ্যান এবং স্বচ্ছতা (STAT) অ্যাক্ট পাসের মাধ্যমে। স্বচ্ছতা সরকারের প্রতিটি খাতের জন্য ভাল। আমি পরিসংখ্যান এবং স্বচ্ছতা (STAT) অ্যাক্টের প্রধান স্পন্সার হতে পেরে বিশেষভাবে গর্বিত, এবং দীর্ঘ পাঁচ বছর ধরে এটিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করার পর অবশেষে তা পাশ হয়ে গেছে।"

<u>অস্ত্র ব্যবহারের প্রতিবেদন (S.2575-B/A.10608)</u>

এই নতুন আইন অনুযায়ী যে কোনো আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা বা শান্তি কর্মকর্তা যারা ডিউটিতে থাকাকালীন বা তার বাইরে তাদের অস্ত্র ব্যবহার করবেন, যেখানে একজন ব্যক্তি সেই অস্ত্রের বুলেট দ্বারা আহত হতে পারেন, তাকে ছয় ঘন্টার মধ্যে তার সুপারভাইজারের কাছে সেই ঘটনার মৌখিকভাবে প্রতিবেদন করতে হবে এবং ঘটনার 48 ঘন্টার মধ্যে একটি লিখিত প্রতিবেদন দাখিল করতে হবে।

সেনেটর জামাল টি. বেইলি বলেন, "আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই এই গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষর করার জন্য, যেটি অনুযায়ী আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা যখনই তাদের অস্ত্র ব্যবহার করবেন এবং কোনো ব্যক্তিকে আঘাত করে থাকতে পারেন, তাদের ছয় ঘন্টার মধ্যে সেটির প্রতিবেদন করতে হবে এবং 48 ঘন্টার মধ্যে একটি লিখিত প্রতিবেদন জমা করতে পারে। আমি

সংসদের স্পন্সার এন নিক পেরি, নেতৃ অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট কাজিনস, এবং স্পিকার হিস্টিকে ধন্যবাদ জানাতে চাই এই বিলটি পাস করা নিশ্চিত করার জন্য। এই আইন জেসন টিরাডোর প্রতি উৎসর্গ করা উচিত, যিনি পুলিশের এক ভয়াবহ অসদাচরণে প্রাণ হারিয়েছেন।"

পরিষদ সদস্য নিক পেরি বলেন, "এই আইন জেসন টিরাডোর প্রতি উৎসর্গ করা উচিত, যিনি পুলিশের এক ভয়াবহ অসদাচরণে প্রাণ হারিয়েছেন। যখন পুলিশ অফিসার শন সয়ার তার নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (NYPD) দ্বারা ইস্যু করা বন্দুকটি চালিয়ে টিরাডোর জীবনের শেষ ঘটান, তখন সয়ার জানতেন যে তিনি তার অন্যায়ের জন্য কোনরকম প্রতিক্রিয়া ছাড়াই পালিয়ে যেতে পারবেন। এই আইন তাকে শাস্তি দেবে না, কিন্তু এই আইন জারি করার মাধ্যমে আমরা আশ্বস্ত হব যে এর পর যেই কর্মকর্তা নিজেই বিচারক, জুরি এবং মৃত্যুদণ্ডকার্যকরী হওয়ার এই ধরনের অপরাধমূলক কাজ করবে, তাকে কিছু জবাবদিহিতার সম্মুখীন হতে হবে। এটাই দেশের আইন, এটা নিশ্চিত করতে তাদের উল্লেখযোগ্য সমর্থন এবং অংশগ্রহণের জন্য আমি গভর্নর এবং আমাদের স্পিকারকে ধন্যবাদ জানাই।”

<u>হেফাজতে থাকা ব্যক্তিদের চিকিৎসা ও মানসিক স্বাস্থ্যের পরিচর্যা প্রদান করা (S.6601-A/A.8226)</u>

এই নতুন আইন অনুযায়ী পুলিশ কর্মকর্তা, শান্তি কর্মকর্তা এবং অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার প্রতিনিধি এবং সত্তাকে হেফাজতে থাকা যে কোনো ব্যক্তিকে চিকিৎসা এবং মানসিক স্বাস্থ্যের পরিচর্যা প্রদান করতে হবে। যারা চিকিৎসা না পেয়ে গুরুতর শারীরিক আঘাত ভোগ করেন অথবা তাদের আঘাত যত্নের অভাবে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়, তাদের ক্ষতির জন্য পুলিশ দায়ী হতে পারে।

সেনেটর জামাল টি. বেইলি বলেন, "আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই আমার বিলটি স্বাক্ষর করার জন্য, যেটি অনুযায়ী যদি গ্রেফতারকৃত ব্যক্তি অনুরোধ করেন তাহলে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের চিকিৎসাগত পরিচর্যার ব্যবস্থা করতে হবে। কোন ব্যক্তি হেফাজতে আছেন কি না তা নির্বিশেষে, যদি তাদের চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন হয় তাহলে সেটা তাদের প্রদান করা উচিত। এইরকম অনেক ক্ষেত্রে, এই সমস্ত ব্যক্তিদের পর্যাপ্ত চিকিৎসাগত সহায়তা প্রত্যাখ্যান করা হয়েছে অথবা এত দেরি করা হয়েছে যে ব্যক্তিরা অপ্রয়োজনীয়, বেদনা এবং কষ্ট পেয়েছেন। সবচেয়ে জঘন্য ক্ষেত্রে, এমনকি কিছু ব্যক্তির অবস্থার অযত্ন বা অবহেলা অচেতন মৃত্যুর কারণও হয়েছে, যেমন অ্যান্ড্রু কিয়ার্স, একজন যুবক, যার চিকিৎসাগত সাহায্যের জন্য আবেদন কেউ শোনেনি। আমি ধন্যবাদ জানাতে চাই সংসদের স্পনসার নাথালিয়া ফার্নান্ডেজকে বিধানসভায় এই বিলের সমর্থন করার জন্য এবং নেতৃ অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট কাজিনস এবং স্পিকার হিস্টিকে এই বিল পাশ করানোর চেষ্টা করা জন্য।"

অ্যাসেম্বলি মেম্বার নাথালিয়া ফার্নান্দেজ বলেন, "সাহায্যের জন্য কারো আহ্বান কখনই উপেক্ষা করা উচিত নয়। আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা আমাদের রক্ষা করার শপথ নেন, তা সত্ত্বেও হেফাজতে থাকাকালীন অবহেলার কারণে অনেকেরই মৃত্যু হয়েছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা, একটি সরকার হিসেবে, এটি নিশ্চিত করি যে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী

কর্মকর্তারা জীবন রক্ষা এবং সংরক্ষণের জন্য প্রত্যেকটি পদক্ষেপ গ্রহণ করেন। 'আমি শ্বাস নিতে পারছি না' কখনই কারো শেষ কথা হওয়া উচিত নয়। অ্যান্ড্রু কিয়ার্স এবং অন্যান্য যারা অপ্রয়োজনীয়ভাবে হেফাজতে থাকাকালীন মারা গেছেন তাদের স্মৃতিতে এই বিল বহন করতে পেরে আমি গর্বিত। এটি স্বাক্ষর করার মাধ্যমে আইনে পরিণত করার জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর কুওমো।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন